



আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড

প্রধান কার্যালয়, গ্রিন সিটি এজ্ (৬ষ্ঠ তলা)

৮৯ কাকরাইল, ঢাকা-১০০০।

নিয়োগ বিজ্ঞপ্তি

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ
১০ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ

আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড এর অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামার পদে স্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে online দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। উক্ত পদের জন্য আবশ্যিকীয় শিক্ষাগত যোগ্যতা, বয়স ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি নিম্নে প্রদত্ত হলোঃ

বেতন স্কেল	বয়স	পদ সংখ্যা	প্রয়োজনীয় যোগ্যতা
কোম্পানি বেতন স্কেল, ২০১৬ এর টাকা ২২০০০/-..... ৫৩০৬০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা।	সর্বোচ্চ ৩০ বৎসর (০১ জুন ২০১৮ তারিখে)	১০ টি	অ) পদার্থ বিজ্ঞান/ ফলিত পদার্থ বিজ্ঞান/ গণিত/ পরিসংখ্যান/ কম্পিউটার বিজ্ঞান-এ ন্যূনতম স্নাতকোত্তর অথবা ০৪ (চার) বৎসর মেয়াদি কম্পিউটার বিজ্ঞান-এ বিএসসি ইঞ্জিনিয়ারিং/বিএসসি ডিগ্রি সম্পন্ন হতে হবে। আ) শিক্ষা জীবনে ন্যূনতম ০২ (দুই) টি প্রথম শ্রেণি/সিজিপিএ/ সমমান থাকতে হবে (কোন পরীক্ষায় ৩য় বিভাগ /সিজিপিএ/শ্রেণি গ্রহণ যোগ্য নয়)। ই) প্রোগ্রামিং এর উপর অ্যাপটিচিউড টেস্টে অবশ্যই উত্তীর্ণ হতে হবে।

* গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২-০৬-২০০৯ ও ০২-০৩-২০১০ তারিখের যথাক্রমে প্রজ্ঞাপন নং-শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ ও শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী বর্তমান প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম ও ২য় বিভাগ/শ্রেণী নির্ধারিত হবে।

০২। আগ্রহী প্রার্থীগণকে আগামী ৩০ অক্টোবর ২০১৮ তারিখের মধ্যে আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড এর ওয়েবসাইট <http://www.icb.org.bd/icml/career> এ Online Application Form পূরণের মাধ্যমে দরখাস্ত করতে হবে।

০৩। Online Application Form-এর নির্ধারিত ঘরে পাসপোর্ট সাইজের ৩০০x৩০০ Pixel ছবি এবং ৩০০x৮০ Pixel স্বাক্ষর আপলোড করতে হবে। ছবি এবং স্বাক্ষরের ব্যাকগ্রাউন্ড সাদা রং এর হতে হবে।

০৪। দরখাস্ত করার সময় ফরম পূরণ করার নিয়মাবলি <http://www.icb.org.bd/icml/career> ওয়েবসাইটেই পাওয়া যাবে। Online এ আবেদন করার পর প্রাপ্ত Tracking Number Form টি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

০৫। প্রার্থীগণকে প্রাথমিক ভাবে কোনো কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত পরীক্ষায় ও প্রোগ্রামিং এর উপর অ্যাপটিচিউড টেস্টে উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার দিন প্রয়োজনীয় দলিলাদি সাথে নিয়ে আসবেন।

০৬। চাকুরীরত প্রার্থীগণকে তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে আবেদন করতে হবে।

০৭। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্থায়ী ঠিকানা হিসেবে স্বামীর স্থায়ী ঠিকানা ব্যবহার করতে হবে।

০৮। অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র কোন প্রকার যোগাযোগ ব্যতিরেকেই বাতিল করা হবে।

০৯। পরীক্ষা/সাক্ষাৎকার-এ অংশ গ্রহণের জন্য প্রার্থীগণকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন আবেদন বাতিল, নিয়োগ কার্যক্রম পরিবর্তন, সংশোধন করার অধিকার সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত/-

(মোঃ শফিউল আলম)

উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা
অ্যাডমিনিস্ট্রেশন ডিপার্টমেন্ট